দৈনিক সংবাদ

186

তারিখ ... ... MAR 13 2003 ...
পৃষ্ঠা 22 কলাম 2 ......

# এসএসসি ঃ গণিত প্রশ্নপত্রেও ভুল

নিজস্ব বার্তা পরিবেশক ঃ চলতি এসএসসি পরীক্ষার প্রশ্নপত্রে দ্বিতীয় দফা ভুলের ঘটনা ঘটেছে।

ঢাকা শিক্ষা বোর্ডের গণিত পরীক্ষার 'খ' সেটের প্রশ্নপত্রে ভুল প্রশ্ন ছাপা হয়েছে। ১০/ক প্রশ্নে ছাপা হয়েছে—'প্রমাণ কর যে—সমবাহু ত্রিভুজের যেকোন শীর্ষ হতে বিপরীত বাহুর উপর অংকিত লম্বের চারগুণ উহার যেকোন বাহুর বর্গের তিনগুণের সমান'।

প্রশ্নপত্রে 'অংকিত লম্বের' শেষের 'বর্গের' শব্দটি ছাপা হয়নি। ফলে প্রশ্ন পেয়ে পরীক্ষার্থীরা দুশ্চিন্তায় পড়ে যায়।

এক অভিভাবক অনিল কুমার সরকার 'সংবাদ'কে বলেন, যেভাবে প্রশ্নটি ছাপা হয়েছে, তাতে পিথাগোরাস থিওরিই ভুল প্রমাণিত হয়। উল্লেখ্য, পিথাগোরাসের উপপাদ্য অনুসারে অংকটি করতে হয়।

এ প্রসঙ্গে ঢাকা শিক্ষা বোর্ডের সঙ্গে গতকাল রাতে যোগাযোগ করা হলে বোর্ডের এক কর্মকর্তা এ বিষয়ে অজ্ঞতা প্রকাশ করেন।